

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.১৪০.১১৬.০১.০০.০০১.২০১৫- ১১৭২

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
২৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ


বিষয়: বিভাগীয় নির্বাচন কমিটিতে প্রতিনিধি মনোনয়ন

- সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০২.১৭-১৪৯৯, তারিখ: ১৩/১০/২০১৯ খ্রি:
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৪০.১১৬.০১.০০.০০১.২০১৫-১০৮৬, তারিখ: ১৯/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ মে ২০১৩ খ্রি. তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির (১১ গ্রেড হতে ২০ গ্রেড) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিতে এ বিভাগের প্রতিনিধি হিসেবে উপসচিব (পার-২)-কে ১নং সূত্রোক্ত স্মারকে মনোনয়ন প্রদান করা হয়। পরবর্তীতে ২নং সূত্রোক্ত স্মারকে উক্ত কমিটিতে উপসচিব (প্রশাসন-১)-কে মনোনয়ন প্রদান করা হয়।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের ২৩/০৫/২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২ সংখ্যক স্মারকে মেডিকেল টেকনোলজিস্ট, মেডিকেল টেকনিশিয়ান এবং কার্ডিওগ্রাফার এর নবসৃজিত ৩০০০ পদে জনবল নিয়োগের লক্ষ্যে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিতে এ বিভাগের প্রতিনিধি হিসেবে উপসচিব (পার-২) বেগম শারমিন আক্তার জাহান অংশগ্রহণ করায় উক্ত পদসমূহে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় নির্বাচন কমিটিতে পূর্বের ন্যায় উপসচিব (পার-২) বেগম শারমিন আক্তার জাহানকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হল।

৩। উল্লেখ্য, মেডিকেল টেকনোলজিস্ট, মেডিকেল টেকনিশিয়ান এবং কার্ডিওগ্রাফার-এর বর্ণিত নবসৃজিত ৩০০০ পদে নিয়োগ কার্যক্রম ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগের ১৯/০৮/২০২০ খ্রি. তারিখের ৪৫.১৪০.১১৬.০১.০০.০০১.২০১৫-১০৮৬ সংখ্যক আদেশের নির্দেশনা বহাল থাকবে।


১০/০৯/২০২০

(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোন: ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
দৃঃআঃ পরিচালক (প্রশাসন)

অনুলিপি:

- ১। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল/শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল/নিটোর/, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। উপসচিব (পার-২/প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। মুদ্রাসচিব (প্রশাসন/পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়